অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/9/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ইস্ট বাফেলোতে 65 ইউনিটের সাশ্রয়ী ও সমর্থক হাউজিং ডেভেলপমেন্টের কাজ সম্পূর্ণ হওয়ার ঘোষণা করলেন

স্কুল 75 প্রকল্পটি ভেটেরান এবং সামরিক দায়িত্বে অক্ষম হওয়া ব্যক্তিদের জন্য ওয়েস্টার্ন নিউ ইয়র্ক ভেটেরান্স হাউজিং কোয়ালিশনের কমিউনিটি সেবাসহ 33টি সমর্থক সেবা প্রদান করে

ডেভেলপমেন্টটি ইস্ট বাফেলোর উইলিয়াম এমসলি এলাকায় দীর্ঘ দিন খালি থাকা স্কুল 75 কে নতুন উদ্দেশ্যে ব্যবহার করে

ইরাকি স্বাধীনতা অপারেশনে প্রাণ হারানো SPC চার্লস ই. বুশ, জুনিয়রের সম্মানে ভবনটিকে চার্লি বুশ ভবন নামকরণ করা হয়েছে।

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে ইস্ট বাফেলোতে একটি 65 ইউনিটের সাশ্রয়ী হাউজিং ডেভেলপমেন্টের কাজ সম্পূর্ণ করা হয়েছে। দীর্ঘদিন খালি থাকা স্কুল 75 (School 75) ভিন্ন উদ্দেশ্যে ব্যবহার করে এখানে ভেটেরান ও সামরিক দায়িত্বে অক্ষম হওয়া ব্যক্তিদের জন্য 33টি সমর্থক সেবার অ্যাপার্টমেন্টসহ 47টি অ্যাপার্টমেন্ট থাকবে, এবং এখানে ওয়েস্টার্ন নিউ ইয়র্ক ভেটেরান্স হাউজিং কোয়ালিশনের (Western New York Veterans’ Housing Coalition, WNYVHC) নতুন কর্পোরেট অফিস থাকবে। প্রকল্পের অংশ হিসেবে, পুরো এলাকায় আরো 12টি ভবন নির্মাণ করা হয়েছে এবং তা 18টি সাশ্রয়ী ইউনিট প্রদান করা হবে।

পূর্বের স্কুল ভবনটিকে SPC চার্লস ই. বুশ জুনিয়রের সম্মানে চার্লি বুশ ভবন (Charlie Bush Building) নাম দেওয়া হয়েছে, তিনি 19 ডিসেম্বর, 2003 তারিখে ইরাকি স্বাধীনতা অপারেশনে (Operation Iraqi Freedom) দায়িত্বরত অবস্থায় প্রাণ হারান। SPC বুশ ছিলেন 402তম সিভিল অ্যাফেয়ার্স ব্যাটেলিয়ন, টোনাওয়ান্ডা, নিউ ইয়র্কে নিয়োগ প্রাপ্ত একজন খাদ্য সেবা বিশেষজ্ঞ। তার পুরস্কার ও সম্মাননার মধ্যে রয়েছে ব্রোঞ্জ স্টার মেডেল, পার্পল হার্ট, আর্মি সার্ভিস রিবন, ন্যাশনাল ডিফেন্স সার্ভিস মেডেল, এবং আর্মি রিজার্ভ কম্পোনেন্ট অ্যাচিভমেন্ট মেডেল।

"এই সপ্তাহান্তে ভেটেরান দিবসকে সামনে রেখে, সাহসিকতার সাথে আমাদের দেশের সেবা করা ব্যক্তি, আমাদের চলমান সমর্থন যাদের প্রাপ্য, তাদের জন্য বিশেষভাবে তৈরি আবাসনের সুযোগ ও সেবার ঘোষণা করতে পেরে আমরা গর্বিত," **গভর্নর হোকল বলেন।** "SPC চার্লি বুশ

আমাদের দেশের প্রতিরক্ষায় চরম আত্মত্যাগ করেছেন, এবং তার সম্মানে ভবনটি উৎসর্গ করার ফলে, মানসম্পন্ন আবাসন ও সংস্থানের বর্ধিত সুযোগ দ্বারা উপকৃত হওয়া অগণিত ভেটেরানের মধ্যে তার লিগেসি জীবিত থাকবে। প্রত্যেক নিউ ইয়র্কবাসীর, বিশেষ করে আমাদের ভেটেরানদের এমন নিরাপদ ও সুরক্ষিত আবাসন প্রাপ্য, যা তাদের চাহিদা পূরণ করবে।"

গত পাঁচ বছরে, নিউ ইয়র্ক স্টেট হোম এবং কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal, HCR) বাফেলোতে 4,600টি সাশ্রয়ী বাসা তৈরি বা সংরক্ষণ করেছে। প্রকল্পটি এই প্রয়াসকে অব্যাহত রাখে এবং এটি গভর্নর হোকলের 25 বিলিয়ন মার্কিন ডলারের সার্বিক আবাসন পরিকল্পনার (Housing Plan) সম্পূরক, যা পুরো নিউ ইয়র্কে 100,000 সাশ্রয়ী বাসা তৈরি ও সংরক্ষণ করবে, যার মধ্যে দুর্বল জনগোষ্ঠীর জন্য সমর্থক সেবাসহ 10,000 ইউনিট থাকবে, সেই সাথে অতিরিক্ত 50,000 বাসার বৈদ্যুতিকরণ করা হবে।

1925 সালে নির্মিত স্কুল 75 এর অভিযোজিত পুনর্ব্যবহার এর ঐতিহাসিক স্থাপত্য উপাদানকে সংরক্ষণ করেছে। নতুন কাঠামো পুরো এলাকার ছড়িয়ে থাকা খালি পার্সেলসমূহে নির্মিত হয়েছে।

65টি বাসার সবগুলি এলাকার মধ্যম আয়ের 60 শতাংশ বা তার কম উপার্জনের গৃহস্থালির ক্রয়ক্ষমতার মধ্যে হবে। বিশটি গৃহস্থালি অনসাইট সমর্থক সেবা এবং ভাড়া ভর্তুকি পাবে যা এম্পায়ার স্টেট সমর্থক আবাসন উদ্যোগের (Empire State Supportive Housing Initiative) মাধ্যমে অর্থায়িত হবে এবং এর পরিচালনা করবে নিউ ইয়র্ক স্টেট অস্থায়ী ও অক্ষমতা সহায়তা অফিস (NYS Office of Temporary and Disability Assistance, OTDA)। আরো তেরটি গৃহস্থালি ইরি কাউন্টির মাধ্যমে মার্কিন যুক্তরাষ্ট্রের আবাসন ও শহুরে বিকাশ সেবা ধারাবাহিকতার (U.S. Housing and Urban Development Continuum of Care) ভাড়ার ভর্তুকি পাবে।

এর সহনির্মাতারা হলো ওয়েস্টার্ন নিউ ইয়র্ক ভেটেরান্স হাউজিং কোয়ালিশন এবং নরস্টার ডেভেলপমেন্ট USA, L.P. (Norstar Development USA, L.P.)। এছাড়াও WNYVHC সেবা প্রদান করবে।

29 মিলিয়ন মার্কিন ডলারের ডেভেলপমেন্টটির জন্য স্টেট অর্থায়নের মধ্যে রয়েছে 15.8 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল ও স্টেট নিম্ন আয়ের আবাসন কর ক্রেডিট (Low Income Housing Tax Credits) এবং নিউ ইয়র্ক স্টেট হোম ও কমিউনিটি রিনিউয়াল থেকে পাওয়া 4.7 মিলিয়ন মার্কিন ডলার ভর্তুকি। নিউ ইয়র্ক স্টেট পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ বিভাগ (New York State Department of Parks, Recreation and Historic Preservation) ফেডারেল ও স্টেট ঐতিহাসিক কর ক্রেডিট (Historic Tax Credits) প্রদান করেছে যা 6.7 মিলিয়ন মার্কিন ডলারের বেশি ইক্যুইটি সৃষ্টি করেছে। নিউ ইয়র্ক স্টেট শক্তি ও গবেষণা বিকাশ কর্তৃপক্ষ (New York State Energy and Research Development Authority , NYSERDA) এর নিচু নতুন নির্মাণ কর্মসূচির মাধ্যমে 72,000 মার্কিন ডলার প্রদান করেছে। বাফেলো সিটি HOME কর্মসূচির মাধ্যমে 850,000 মার্কিন ডলার প্রদান করেছে।

নিউ ইয়র্ক স্টেট হোম এবং কমিউনিটি রিনিউয়ালের কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "ভেটেরান দিবস হলো সাহসিকতার সাথে আমাদের দেশের জন্য দায়িত্ব পালন করা

ব্যক্তিদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করা এবং নিউ ইয়র্কের ভেটেরানদের কাছে যাতে বাস করার জন্য আরামদায়ক, নিরাপদ, ও সুরক্ষিত স্থান থাকে তা নিশ্চিত করতে আমাদের প্রতিশ্রুতির নবায়ন করার সময়। চার্লি বুশ ভবনটি ভেটেরান ও তাদের পরিবারের জন্য তাদের সমৃদ্ধির জন্য প্রয়োজনীয় সমর্থক সেবাসহ 33টি বাসা প্রদান করছে, এবং সেই সাথে ওয়েস্টার্ন নিউ ইয়র্ক ভেটেরান্স হাউজিং কোয়ালিশনকে একটি নতুন স্থান প্রদান করছে যাতে তারা সম্প্রদায়ে আরো ভালো সেবাদান করতে পারে। এলাকাব্যাপী পুনর্বাসন প্রয়াসটি এছাড়াও ইস্ট বাফেলোতে আরো আবাসন সুযোগ তৈরি এবং জীবনযাত্রার মান উন্নত করার জন্য স্টেটের চলমান বিনিয়োগকে আরো অগ্রসর করে। প্রভাবশালী এই ডেভেলপমেন্টে ভূমিকা রাখা সকলকে অভিনন্দন।"

নিউ ইয়র্ক স্টেট অস্থায়ী ও অক্ষমতা সহায়তা অফিসের ভারপ্রাপ্ত কমিশনার বারবারা সি. গুইন বলেন, "পুরো স্টেটে সমর্থক ও সাশ্রয়ী আবাসনের মজুত বৃদ্ধি করতে গভর্নর হোকল পদক্ষেপ গ্রহণ অব্যাহত রেখেছেন কারণ তিনি জানেন যেই সম্প্রদায়ে আবাসনটি অবস্থিত সেখানে এবং গৃহহীনতার অভিজ্ঞতা থাকা ব্যক্তিদের জীবনে এটি কতটা গুরুত্বপূর্ণ। চার্লি বুশ ভবন গৃহহীনতার অভিজ্ঞতা থাকা ভেটেরানদের জন্য অতি প্রয়োজনীয় সমর্থক আবাসন প্রদান করবে, যা তাদেরকে বাস করার জন্য এমন একটি নিরাপদ, সাশ্রয়ী স্থান প্রদান করবে যেখান তারা সহজেই তাদের জীবন স্থিতিশীল করতে সাহায্য করার জন্য সমর্থক সেবা পাওয়ার সুযোগ পাবে।"

NYSERDA প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "চার্লি বুশ ভবনের পুনর্গঠন সমর্থন করতে পেরে NYSERDA গর্বিত, নিউ ইয়র্কবাসীকে একদম নতুন এনার্জি স্টার অ্যাপ্লায়েন্স, হাই পারফর্ম্যান্স স্পেস কন্ডিশনিং সরঞ্জাম, জানালা এবং ইন্সুলেশন পাওয়ার সুযোগ প্রদান করার জন্য কীভাবে স্থানের অভিযোজন করা যায় তা এটি প্রদর্শন করে। চার্লি বুশের মতো প্রকল্প বাসিন্দাদেরকে নতুন, দক্ষ বৈশিষ্ট্য দ্বারা শক্তি ব্যবহার ব্যবস্থাপনা করতে সাহায্য করে যার ফলে বিদ্যুৎ বিলে স্পষ্ট সাশ্রয় হয়, অভ্যন্তরীণ আরাম বৃদ্ধি পায়, এবং সম্প্রদায়ের সামরিক ভেটেরানদের জীবনযাত্রার মান উন্নত করতে তা অবদান রাখে।"

নিউ ইয়র্ক স্টেট পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ অফিসের কমিশনার এরিক কুলেসিড বলেন, "নিউ ইয়র্কবাসীর জন্য সাশ্রয়ী বাসা তৈরি করা পুরো স্টেটের জন্য একটি গুরুত্বপূর্ণ বিষয়। বাফেলোতে, সম্প্রদায়সমূহ তাদের বিদ্যমান অবকাঠামোতে পুনরায় বিনিয়োগ করার জন্য ফেডারেল ও স্টেটের ঐতিহাসিক কর ক্রেডিট ব্যবহার করছে এবং তা দুর্দান্ত ফলাফল নিয়ে আসছে। পাবলিক স্কুল 75 কয়েক প্রজন্ম ধরে ইস্ট বাফেলোর বাসিন্দাদের সেবাদান করেছে এবং এখন এটির ভিন্ন একটি উদ্দেশ্য রয়েছে। একসময় খালি পড়ে থাকা ভবনকে নতুন বাসায় রূপান্তরিত করা হলে তা এলাকাকে বদলে দিবে এবং আমাদেরকে স্মরণ করিয়ে দিবে যে সহযোগিতা ও বিনিয়োগ সম্মিলিত হলে সকল ধরনের কাজ করা সম্ভব। আমরা এইসব প্রয়াসের অংশ হতে পেরে গর্বিত।"

প্রতিনিধি ব্রায়ান হিগিন্স বলেন, "ওয়েস্টার্ন নিউ ইয়র্ক এবং তার বাইরেও আমরা একটি আবাসন সঙ্কটের সম্মুখীন হয়েছি এবং ভেটেরানগণ এক্ষেত্রে বিশেষ করে দুর্বল অবস্থায় রয়েছে। একটি দেশ হিসেবে আমরা এই প্রতিজ্ঞা করেছি যে আমাদের সেবাদানকারীদের আমার খেয়াল রাখবো, এবং এর অর্থ তাদের জন্য মানসম্পন্ন, সাশ্রয়ী আবাসন নিশ্চিত করা। ফেডারেল এবং

স্টেট তহবিলের কল্যাণে আমরা বিদ্যমান ভবনকে পুনর্জীবিত করতে এবং ইস্ট বাফেলোতে নতুন নির্মাণ যোগ করতে পারছি, যা ভেটেরানদের বাসা বলার মতো নিরাপদ ও সাশ্রয়ী স্থান প্রদান করে, এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কের নিজেদের SPC চার্লস ই. বুশ, জুনিয়রের সম্মানে এর যথাযথ নামকরণ করা হয়েছে।"

স্টেটের সিনেটর টিম কেনেডি বলেন, "এই প্রকল্পটি শুধু পূর্বের স্কুল 75 এ নতুন প্রাণ সঞ্চার করে না, বরং এটি উদ্দেশ্যপ্রণোদিতভাবে তা করে, সাশ্রয়ী আবাসন ঘাটতিকে সামনে থেকে মোকাবেলা করে এবং একই সাথে আমাদের ভেটেরানদের সেই সেবা ও সংস্থানের সাথে সংযুক্ত করে দেয় যা পূর্ণাঙ্গ ও স্বাস্থ্যকর জীবনযাপনের জন্য তাদের প্রাপ্য।নিউ ইয়র্ক এই প্রকল্পের মতো রূপান্তরকারী সুযোগ সমর্থন অব্যাহত রেখেছে কারণ আমরা জীবনযাত্রার মান উন্নয়ন ও সম্প্রদায়ের আরো গভীর চেতনা ধারণ করার প্রভাবে বিশ্বাস করি।"

অ্যাসেম্বলি সংখ্যাগরিষ্ঠ নেতা ক্রিস্টাল পিপলস-স্টোকস বলেন, "বাফেলোর ইস্ট সাইডে 65টি আবাসন ইউনিটের কাজ শেষ করার জন্য ওয়েস্টার্ন নিউ ইয়র্ক ভেটেরান্স হাউজিং কোয়ালিশন এবং নরস্টার ডেভেলপমেন্ট USA কে অভিনন্দন। খালি থাকা পাবলিক স্কুল #75 এর পুনর্গঠনের পাশাপাশি, এলাকার ঘনত্ব আরো বৃদ্ধি করতে নতুন ইনফিল নির্মাণের জন্য আরো 12টি খালি পার্সেল সনাক্ত করা হয়েছে। বহু বছর এবং বহু সম্প্রদায়ের বৈঠক ধরে এই প্রকল্পটি তৈরির কাজ হচ্ছে। প্রকল্পটি বাস্তব করতে আর্থিক সহায়তা প্রদান করার জন্য আমি HCR, OTDA, NYSERDA এবং SHPO কে ধন্যবাদ জানাতে চাই।"

বাফেলো সিটির মেয়র বায়রন ডব্লিউ. ব্রাউন বলেন, "আমাদের সিটিতে সাশ্রয়ী আবাসনের সংখ্যা বৃদ্ধির আমাদের অব্যাহত মিশনে গভর্নর ক্যাথি হোকল এবং হোম ও কমিউনিটি রিনিউয়াল দলের অংশীদারিত্বের জন্য আমি তাদের ধন্যবাদ জানাচ্ছি।এই প্রকল্পটি দুই ডজনের বেশি সিটি মালিকানাধীন খালি লটকে ব্যবহার করে। এই প্রকল্পটি শুধু সাশ্রয়ী আবাসনের প্রয়োজন থাকা বাসিন্দাদের সাহায্য করবে না, বরং এটি স্থানীয় ভেটেরানদের এমন সেবাদান করতে সাহায্য করবে যা তাদের জীবন উন্নত করার জন্য তাদের প্রয়োজন।"

ইরি কাউন্টি নির্বাহী মার্ক সি. পোলোনকার্জ বলেন, "ইরি কাউন্টিতে সাশ্রয়ী আবাসন একটি অতি গুরুত্বপূর্ণ চাহিদা এবং প্রকল্পটি সেই চাহিদাকে সমানে থেকে সমাধান করে, ভেটেরান ও সামরিক দায়িত্বে অক্ষম ব্যক্তিদেরকে তাদের প্রয়োজনীয় সমর্থন ও সহায়তা প্রদান করে। এছাড়া চার্লি বুশ ভবনটি হলো একটি পুরোনো ভবনের দুর্দান্ত পুনর্ব্যবহার, যা অব্যবহৃত একটি স্থানকে এমন একটি আকর্ষণীয় সম্প্রদায়ের কেন্দ্রে রূপান্তরিত করে যা নিয়ে সকলেই গর্ব করতে পারবে। এমন প্রকল্প কাউন্টির বাসিন্দাদের, এবং এই ক্ষেত্রে ভেটেরানদের তাদের নিজেদের সম্প্রদায়ে বসবাস ও সমৃদ্ধি করতে সাহায্য করে।"

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক ভেটেরান্স হাউজিং কোয়ালিশনের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা জিজি গ্রিজান্টি কুক বলেন, "সুন্দরভাবে ভিন্ন উদ্দেশ্যে ব্যবহার করা এই ঐতিহাসিক ভবনের শুভ উদ্বোধন আয়োজন করতে পেরে আমরা অত্যন্ত গর্বিত, সেই সাথে ভবনটিকে SFC চার্লস বুশ জুনিয়রের স্মৃতিতে উৎসর্গ করতে পেরে আমরা একই রকম গর্বিত

হয়েছি, তিনি বাফেলোতে বড় হয়েছেন এবং দুর্ভাগ্যবশত ইরাকি স্বাধীনতায় নিজ দেশের দায়িত্ব পালনরত অবস্থায় তিনি প্রাণ হারান।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন